যখন ফিরেছি

এখানে ধূসর মাটি। লাল টিলা। নীলাভ পর্বত -
দিগন্ত প্রহরী।
শাল তাই মাথা তুলে উঁকি দেয় উজ্জ্বল আকাশে।
ঝাউবনে বাতাসের শিস!
এখানে পাখির দেশ। সোনা রোদ। সস্মিতা বনানী —
স্বপ্ন - সহচরী!
ফুল তাই ফুটে আছে — অপরূপ আত্ম-নিবেদন;
আমি তার প্রথম প্রণয়ী!

---





২০১৯

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

চতুর্থ পত্র

কোর্স কোড : BNGH/CC-T-IV

(অলঙ্কার, শাক্ত পদাবলী, অন্নদামঙ্গল ও বাংলা প্রুফ সংশোধন)

পূর্ণমান : ৬০ সময় : ২ $\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) প্রুফ কাকে বলে?

খ) দুটি শব্দ জুড়ে গেলে কোন্ চিহ্ন দিয়ে তা পৃথক করা হয়?

গ) সন্দেহ অলঙ্কার কাকে বলে? একটি উদাহরণ দাও।

ঘ) "চুল তার কবে কার অন্ধকার বিদিশার নিশা
মুখ তার শ্রাবস্তীর কারুকার্য" — কোন্ অলঙ্কার?

ঙ) "এনে ছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ"— কোন্ অলঙ্কার?

চ) অচেতন পদার্থে চেতন পদার্থের ধর্ম আরোপিত হলে কোন্ অলঙ্কার হয়? একটি উদাহরণ দাও।

[ পরের পাতায়]

ছ) কমলাকান্ত কোন্ রাজার সভাকবি ছিলেন?

জ) "যেয়ো না রজনী আজি লয়ে তারা দলে" — পদটির শেষ দুটি লাইন লেখো।

ঝ) "মঙ্গলার না পেয়ে মঙ্গল সমাচার" — লাইনটির ব্যাখ্যা লেখো।

ঞ) "মা আমায় ঘুরাবি কত" — পদটির ভণিতা লেখো।

ট) কোন্ শাক্ত কবি পাঁচালীকার হিসাবে বিখ্যাত? তাঁর কোন্ শাক্তপদটি তোমাদের পাঠ্য?

ঠ) "চৌত্রিশ অক্ষরে বর্ণাইলা কৈল স্তব" — মঙ্গলকাব্যের এই রীতির নাম কী?

ড) "কাঠের সেঁউতী মোর হৈলো অষ্টাপদ" — অষ্টাপদ কী?

ঢ) 'অন্নদামঙ্গল' - এ উল্লিখিত দুজন ঐতিহাসিক ব্যক্তির নাম লেখো।

ণ) 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লেখ আছে এমন একটি প্রবাদের নাম উল্লেখ করো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "ওহে গিরিরাজ, গৌরী অভিমান করেছে" — গৌরীর এই অভিমানের কারণ বিশ্লেষণ করো।

খ) "বলরে জবা বল" — পদটির কাব্যগুণ বিচার করো।

গ) অন্নদামঙ্গল কাব্যে ঈশ্বরী পাটনী চরিত্রটি মধ্যযুগের বাংলা সাহিত্যে অতুলনীয় — আলোচনা করো।

ঘ) মধ্যযুগের বাংলা কাব্য দেবমাহাত্ম্য জ্ঞাপক। অথচ ভারতচন্দ্রের হাতে সেই মাহাত্ম্য ক্ষুণ্ণ হয়েছে — ব্যাখ্যা করো।

ঙ) শ্লেষ ও যমক অলঙ্কারের তুলনামূলক আলোচনা করো।



চ) একজন প্রুফ রীডারের কোন্ কোন্ বিষয়ের প্রতি দৃষ্টি দেওয়া প্রয়োজন বলে তুমি মনে করো?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) "কেবল সাধন সংগীত নয়, শিল্পমূল্যেও শাক্ত পদাবলীর গুরুত্ব অপরিসীম" — উক্তিটির গুরুত্ব বিচার করো।

খ) গূঢ়ার্থ প্রতীতি মূলক অলঙ্কারের পর্যায়ভুক্ত দুটি অলঙ্কার, তোমাদের পাঠ্য সে দুটি অলঙ্কারের নাম, সংজ্ঞা, উদাহরণসহ আলোচনা করো।

গ) "ভারতচন্দ্র একজন সমাজসচেতন কবি" — এই মতটি 'অন্নদামঙ্গল' কাব্যে কী কী ভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো।

ঘ) প্রুফ সংশোধন করো :

যখন ফিরেছি

এখানে ধূরস মাটি। লাল টিলা। নিলাভ পর্বত  
দিগন্ত পহরী। সালতাই  
মাথাতুলে উঁকি দেয় উজ্জ্বল আ কাশে।  
ঝাও বনে বাসাতের শিস!  
এখানে পাখির দ্বেষ। সনা রোদ। সস্মিতা বনানী - স্বপ্নসহচরী!  
ফুল তাই আছে ফুটে — অপরূপ  
আত্ম নিবেদন  
আমি তার প্রথম প্রণয়ি!